

চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আহাবাদ বা/এ, চট্টগ্রাম।

প্রচার পত্র নং-৯৯ /২০২৪

তারিখঃ- ০৪ /০২/২০২৪খ্রিঃ।

সম্মানিত সদস্যদের প্রতি,

সম্মানিত সিএন্ডএফ এজেন্টদের ন্যায় সংগত অথবা চুক্তির শর্ত অনুযায়ী বকেয়া পাওনা সংক্রান্ত আমদানিকারক, রপ্তানিকারকের বিরুদ্ধে দাখিলকৃত অভিযোগ প্রসঙ্গে দৃষ্টি আকর্ষণ

সম্মানিত সদস্যদের অবগতির জন্য জানানো যাচ্ছে, কার্য সম্পাদন শেষে সিএন্ডএফ এজেন্টগণের ন্যায় পাওনা যথাসময়ে পরিশোধ করতে কিছু আমদানিকারক, রপ্তানিকারক জটিলতা সৃষ্টি করেন। ক্ষেত্রবিশেষে সম্পাদিত সিএন্ডএফ কাজের বিল বাবদ ন্যায় পাওনা দীর্ঘদিন পর্যন্ত অনাদায়ী থাকে। অনাদায়ী পাওনা আদায়ের জন্য সম্মানিত সদস্য সিএন্ডএফ এজেন্টগণ এসোসিয়েশনে অভিযোগ দায়ের করলে যৌথ সভা আহবান, প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ এবং আরো বিভিন্ন ব্যবস্থা গ্রহণ করে তা আদায়ের ব্যবস্থা করা হয়।

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে, সদস্য সিএন্ডএফ এজেন্টগণ কাস্টম হাউস, চট্টগ্রাম এ সম্পাদিত কার্যক্রমের বাইরেও অন্যান্য কাস্টম হাউস ও স্টেশনের বিল আদায়ের জন্যও অত্র এসোসিয়েশনে অভিযোগ দায়ের করছেন, যা যথাযথ নয়। চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন এর বিধিবদ্ধ নিয়ম অনুযায়ী, শুধুমাত্র কাস্টম হাউস, চট্টগ্রাম এ সম্পাদিত কার্য সমূহের বকেয়া ন্যায় পাওনা আদায়ের বিষয়ে কার্যক্রম গ্রহণ করে থাকে।

এ প্রেক্ষিতে কাস্টম হাউস, চট্টগ্রাম এ সম্পাদিত পণ্য আমদানি ও রপ্তানি সংক্রান্ত কার্য সম্পাদন ব্যতীত অন্যান্য কাস্টম হাউস ও স্টেশনের বকেয়া পাওনা আদায়ে সহযোগিতা প্রদানের আবেদন না করে সংশ্লিষ্ট কাস্টম হাউস/স্টেশনের সিএন্ডএফ এজেন্ট এসোসিয়েশন বরাবরে আবেদন করার জন্য সম্মানিত সদস্যদের অনুরোধ জানানো যাচ্ছে।



কাজী মাহমুদ ইমাম (বিলু)
সাধারণ সম্পাদক